

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৪৯

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ আগুনে পাকানো ছাতু খেলে ওযূ না করার বৈধতা

ذِكْرُ إِبَاحَةِ تَرْكِ الْوُضُوءِ مِمَّا مسَّته النَّارُ من الأسْوِقَةِ

আরবী

1149 _ حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَبِّيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ بَشِيرِ بْنِ يَسَارٍ عَنْ سُويْدِ بْنِ النُّعْمَانِ قَالَ: فَالَّابُ مَا لِللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى إِذَا كُنَّا عَلَى رَوْحَةٍ مِنْ خَيْبَرَ دَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِطَعَامٍ فَلَمْ يُوجَدْ إِلَّا سويِقٌ قَالَ: فَأَكُلْنَاهُ ثُمَّ دَعَا بِمَاءٍ وَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِطَعَامٍ فَلَمْ يُوجَدْ إِلَّا سويِقٌ قَالَ: فَأَكُلْنَاهُ ثُمَّ دَعَا بِمَاءٍ فَمَضَمْضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَلَّى وَلَمْ يتوضأ. الراوي : سُويْد بْن النَّعْمَانِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1149 ا خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৪৯. সুয়াইদ বিন নু'মান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে আগমন করছিলাম, যখন আমরা খাইবার থেকে এক দিনের দূরত্বে পৌঁছলাম, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খাবার আনতে বললেন কিন্তু ছাতু ছাড়া আর কোন খাবার পাওয়া গেলো না।" রাবী বলেন, "অতঃপর আমরা সেগুলোই খেলাম। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পানি আনতে বললেন, অতঃপর তিনি কুলি করলেন এবং সালাত আদায় করলেন কিন্তু তিনি (নতুন করে) ওযু করেননি।"[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী: ৫৩৯০; তাবারানী: ৬৪৫৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৯১; হুমাইদী: ৪৩৭; মুসনাদ আহমাদ: ৩/৪৬২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪৮; ইবনু মাজাহ: ৪৯২।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১৪৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সুওয়াইদ ইবনু নু'মান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন